

১০ অনুষদের ৮টিতেই সাদা দল টাভির ডিন নির্বাচনে বিএনপি ও জামায়াতপন্থীদের নিরঙ্কুশ বিজয়

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ঢাকা বিশ্ববিদ্যালয় ৬ ডিনস নির্বাচনে বিএনপি-জামায়াতপন্থী সাদা দল নিরঙ্কুশ বিজয় লাভ করেছে। মোট ১০টি অনুষদের আটটিতেই বিজয়ী হয়েছেন সাদা দল মনোনীত প্রার্থীরা। অন্যদিকে সামাজিক বিজ্ঞান অনুষদে প্রফেসর হারুন-অর-রশিদ ছাড়া নীল দলের কোনো প্রার্থী বিজয় লাভ করেননি। চারুকলা ইনস্টিটিউটে বিজয়ী হয়েছেন গোলাপি দলের প্রার্থী অধ্যাপক রফিকুল নবী। নির্বাচনে নিরঙ্কুশ বিজয়ের প্রতিক্রিয়ায় সাদা দলের প্রার্থী ও জীববিজ্ঞান অনুষদ থেকে বিজয়ী ডিন প্রফেসর তাজমেরী এস এ ইসলাম বলেন, সারাদেশের নির্বাচনে বিএনপিকে হারানোর যে নীলনকশা চলছে এর নীরব প্রতিবাদ ঘটেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ে। সরকার এখান থেকেই শিক্ষা নিতে পারে।



টাভির ডিন নির্বাচনে বিজয়ীরা

-খাদ্যদি

অন্যদিকে সামাজিকবিজ্ঞান অনুষদের নির্বাচিত ডিন প্রফেসর হারুন-অর-রশিদ বলেন, গত বিএনপি সরকারের আমলে দলীয় শিক্ষকদের নিয়োগের

১১১১১১১১

টাভির ডিন নির্বাচনে

(প্রথম পৃষ্ঠার পর)

কারণে সাদা দল জয়ী হয়েছে।

পড়কাল সকাল ৯টা থেকে টিএসসিডে ডিন নির্বাচনের ভোটগ্রহণ শুরু হয়ে চলে দুপুর ১টা পর্যন্ত। এরপর দুপুর আড়াইটার দিকে নির্বাচন কমিশনার ও বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ফলাফল ঘোষণা করেন। নির্বাচনে কলা অনুষদ থেকে ভূতীয়তাবাদের মতো জয়ী হয়েছেন সাদা দল প্রার্থী প্রফেসর সদরুল আমিন। তিনি ১১৬ ভোট পান। তার প্রতিদ্বন্দ্বী নীল দলের প্রার্থী ড. ফকরুল আলম পান ১০৭ ভোট। জীববিজ্ঞান অনুষদের তাজমেরী এস এ ইসলাম পান ৬৭ ভোট। আইন অনুষদের সাদা দলের প্রার্থী ড. বোরহানউদ্দীন বান বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়ী হোন। বিজ্ঞানস্টাডিজ অনুষদে ড. আকাস আলী বান ৬৫ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। সামাজিকবিজ্ঞান অনুষদে ড. হারুন-অর-রশিদ ভূতীয়তাবাদের মতো জয়ী হয়েছেন। জীববিজ্ঞান অনুষদে ড. আবুল বাশার শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক ও গতবারের ডিন প্রফেসর আনোয়ার হোসেনকে পরাজিত করেছেন। আনোয়ার হোসেন পান ৬১ ভোট এবং ড. আবুল বাশার ৮৩ ভোট। ফার্মেসি অনুষদে ড. আবদুর রশিদ জয়ী হয়েছেন। আর্থ অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্স অনুষদে ড. শাহনাজ হক হুসেন বিজয়ী হয়েছেন। প্রকৌশল ও প্রযুক্তি অনুষদে ড. শাহিনা রফিক বিজয়ী হয়েছেন।